# Easy English

লেকচার - ১৩ ( ধ্বনির পরিবর্তন )

Time : 8 Minutes. | Total Questions : 15 | **Total Mark : 15 X 1 = 15**

Postive Mark For Every Question : 1 | Negative Mark For Every Question : 0.25

1) ধ্বনি পরিবর্তনে মূলত কয়টি সূত্র বিশেষভাবে মান্য ?

A. দুটি
B. তিনটি
C. চারটি
D. পাঁচটি

Correct Answer : দুটি

2) কোনগুলো চলিত বাংলায় স্বরসঙ্গতি ?

A. বসতি > বসতি
B. বিলাতি > বিলিতি
C. গিলা > গেলা
D. মিঠা > মিঠে

Correct Answer : গিলা > গেলা

3) যে রীতিতে ‘স্নান’ শব্দটি ‘সিনান’ (স্নান>সিনান) শব্দে পরিণত হয় তার নাম-

A. অভিকর্ষ
B. বিপ্রকর্ষ
C. স্বরাগম
D. অভিশ্রুতি

Correct Answer : বিপ্রকর্ষ

4) যখন পরস্পরের প্রভাবে দুটি ধ্বনিই পরিবর্তিত হয় তখন তাকে কি বলে ?

A. অপিনিহিতি
B. সমীভবন
C. বিষমীভবন
D. অন্যোন্য সমীভবন

Correct Answer : অন্যোন্য সমীভবন

5) কোনটি অভিশ্রুতি?

A. অলাবু > লাউ
B. ধপ ধপ > ধপাধপ
C. আসিয়া > আইসা > এসে

EasyEnglishBD.com

Copyright © 2025. All rights reserved.

D. বড় দাদা > বড়দা

Correct Answer : আসিয়া > আইসা > এসে

6) হুক্কা > হুকো কোন ধরনের ধ্বনির পরিবর্তন ?

A. স্বরভক্তি
B. অভিশ্রুতি
C. স্বরসঙ্গতি
D. বর্ণদ্বিত্ব

Correct Answer : স্বরসঙ্গতি

7) সমীভবনের সঙ্গে মিল রয়েছে ?

A. স্বরভক্তির
B. সমীকরণের
C. স্বরসঙ্গতির
D. অসমীকরণের

Correct Answer : সমীকরণের

8) দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোন স্বরধ্বনি লোপ পেলে তাকে কি বলে?

A. সমীভবন
B. সম্প্রকর্ষ
C. স্বরাগম
D. সবকয়টি

Correct Answer : সম্প্রকর্ষ

9) যখন পরস্পরের প্রভাবে দুটো ধ্বনিই পরিবর্তিত হয় তখন তাকে কি বলে?

A. বিষমীভবন
B. সমীভবন
C. প্রগত সমীভবন
D. অন্যোন্য সমীভবন

Correct Answer : অন্যোন্য সমীভবন

10) কোনগুলো আদি স্বরাগম?

A. স্নেহ > সিনেহ, দর্শন > দরিশন
B. রত্ন > রতন, ধর্ম > ধরম
C. স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল
D. গ্রাম > গেরাম, প্রেক > পেরেক

EasyEnglishBD.com

Correct Answer : স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল

11) কোনটি পরাগত সমীভবনের উদাহরণ?

A. কান্না > কাঁদনা
B. তৎজন্য > তজ্জন্য
C. সত্য > সচ্চ
D. আজি > আজ

Correct Answer : তৎজন্য > তজ্জন্য

12) ধ্বনি বিপর্যয়ের উদাহারণ কোনটি ?

A. পিসাচ > পিচাশ
B. বাকস > বাসক
C. লাবু > আলাবু
D. তরোয়াল > তলোয়ার

Correct Answer : বাকস > বাসক

13) নিচের কোনটি ধ্বনি-পরিবর্তনের উদাহরণ নয়?

A. প্রাতিপদিক
B. অভিশ্রুতি
C. অপিনিহিতি
D. ধ্বনি-বিপর্যয়

Correct Answer : প্রাতিপদিক

14) উচ্চারণের সময় মুখবিবর উন্মুক্ত থাকে বলে 'আ' কে কি ধ্বনি বলে ?

A. বিবৃতি স্বরধ্বনি
B. সম্মুখ স্বরধ্বনি
C. স্বরধ্বনি
D. পশ্চাৎ স্বরধ্বনি

Correct Answer : বিবৃতি স্বরধ্বনি

15) কোনটি স্বরভক্তি বা বিপ্রকর্ষ ?

A. বিলাতি-বিলিতি
B. স্বপ্ন-স্বপন
C. ইস্কুল
D. ছোট্ট

Correct Answer : স্বপ্ন-স্বপন

EasyEnglishBD.com

EasyEnglishBD.com